



তাকুওয়া ফেব্রিক্স লিমিটেড এবং লান্তাবুর এ্যাপারেলস লিমিটেড

কেওয়া, বহরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর, ঢাকা।

| শিশু শ্রম নিরোধ নীতিমালা ও পদ্ধতি (Child Labor Remediation Policy & Procedure) | | | | |
|--|-----------------------------|----------------------------|---|---|
| ডকুমেন্ট নং (Document No) | ইস্যু তারিখ (Issue Date) | রিভিশন নং (Revision No) | রিভিশন ও কার্যকরের তারিখ (Revision & Effective Date) | অনুমোদনকারী (Approved By) |
| লান্তাবুর/এইচআর/নীপ/০৭ | ০৩.০২.২০১২ | ০১ | ০১.০১.২০২০ | ব্যবস্থাপনা পরিচালক, লান্তাবুর গ্রুপ |

ভূমিকা (Introduction) :

পৃথিবীর সকল দেশেই প্রাপ্ত বয়স্ক শ্রমিক দিয়ে কাজ করানোর আইনগত বৈধতা রয়েছে ঠিক তেমনি অপ্রাপ্তবয়স্ক শ্রমিক দিয়ে কাজ করানোর ক্ষেত্রে বিধিনিষেধ আছে। লান্তাবুর গ্রুপ সর্বদা আইনের প্রতি শ্রদ্ধাশীল এবং ফ্যাক্টরী পরিচালনায় সবসময় স্থানীয়, জাতীয় আইনের পাশাপাশি আন্তর্জাতিক আইন, আন্তর্জাতিক শ্রম সংস্থার কনভেনশন এবং তাহার বিভিন্ন ক্ষেত্রের আচরণবিধি মেনে চলতে বদ্ধপরিকর। লান্তাবুর গ্রুপের গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে কাজ শ্রমসাধ্য হওয়াই শিশু শ্রমিক দিয়ে কাজ করানো হয় কারণ কোন শিশুকে দিয়ে কাজ করলে এটা তাহার স্বাভাবিক বিকাশে বাধাগ্রস্ত করে, তাই লান্তাবুর গ্রুপে শিশু শ্রমিক নিয়োগ সম্পূর্ণ নিষিদ্ধ। তাছাড়া যদি কোন বিভাগ বা সেকশনে কোন কারণবশত শিশু শ্রমিক পাওয়া যায় সেক্ষেত্রে লান্তাবুর কর্তৃপক্ষ কিছু প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করে থাকে। লান্তাবুর গ্রুপের শিশু শ্রম প্রতিরোধ নীতিমালা এবং প্রতিকারকল্পে করণীয় পদ্ধতি হবে নিম্নরূপ;

উদ্দেশ্য (Purpose) :

- শিশু শ্রমকে “না” বলা
- দেশের ভবিষ্যৎ গঠনে প্রতিটি শিশুকে বিকশিত হওয়ার পথকে বাধাগ্রস্ত না করা
- আইনের প্রতি শ্রদ্ধাশীল আচরণ ও আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করা
- শ্রমিকদের পেশাগত এবং স্বাস্থ্যগত ঝুঁকি কমানো
- কারখানায় প্রাপ্ত বয়স্ক শ্রমিক নিয়োগের মাধ্যমে সূষ্ঠ উৎপাদন কার্যক্রম পরিচালনা করা।

পরিধি (Scope) :

লান্তাবুর গ্রুপ এর তাকুওয়া ফেব্রিক্স লি এবং লান্তাবুর এ্যাপারেলস লিঃ এর সকল বিভাগ এবং সেকশনের সকল শ্রমিক এবং কর্মচারীবৃন্দ।

শিশু বয়সসীমা :

বাংলাদেশ শ্রম আইন - ২০০৬ এর ধারা ২ (৬৩) এর আলোকে শিশু অর্থ চৌদ্দ(১৪) বৎসর বয়স পূর্ণ করে নাই এমন কোন ব্যক্তি।

পলিসি বাস্তবায়নে করণীয় :

- কর্মী নিয়োগের সাথে সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণ প্রদান করা, কর্মী নিয়োগের সময় বয়স নিরূপনের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।
- ফ্যাক্টরীর মেইন গেইটে শিশু কোন শ্রমিক নিয়োগের নিরুৎসাহিত প্রদান করা হয় এ মর্মে নোটিশ রাখা
- ফ্যাক্টরীর মেইন গেইটে দায়িত্বরত নিরাপত্তা বিভাগের সকলকে এ ব্যাপারে প্রশিক্ষণ প্রদান করা
- শিশু শ্রমিক নিয়োগের কুফল সম্পর্কে সকল শ্রমিক কর্মচারীদের সচেতন করা।

শিশু শ্রমিক পাওয়া গেলে করণীয় :

ফ্যাক্টরীর মেডিকেল অফিসার এবং মানবসম্পদ বিভাগ কর্তৃক বয়স সংশ্লিষ্ট কাগজপত্র বিশ্লেষণে যদি কোন শিশু শ্রমিক পাওয়া যায় তাহলে

- উক্ত শিশুকে দ্রুত কাজের স্থান থেকে সরিয়ে নিতে হবে।
- তাহাকে লেখাপড়ার জন্য স্কুলে ভর্তি করাতে হবে।
- তাহার লেখাপড়ার যাবতীয় খরচ কোম্পানি বহন করবে।
- এভাবে যতদিন সে প্রাপ্তবয়স্ক না হয় ততদিন তাহার ভরণ - পোষণ এর যাবতীয় খরচ কোম্পানি বহন করবে।
- প্রাপ্ত বয়স্ক হওয়ার পর সে উক্ত কাজে যোগদান করবে কিনা এটা সম্পূর্ণ তাহার নিজের এখতিয়ার এ ব্যাপারে তাহাকে জোর বা কোন প্রকার চুক্তি করা যাইবে না।
- উপরোক্ত ব্যবস্থার যাবতীয় পদ্ধতি অবশ্যই লিপিবদ্ধ থাকতে হবে।

উপসংহার : গার্মেন্টস এর কাজের ধরণ শিশুদের জন্য উপযুক্ত না হওয়ায় লান্তাবুর গ্রুপ তাহার ফ্যাক্টরীসমূহে শিশু (১৪ বছরের নিচে) শ্রমিক নিয়োগ করে না, কারণ শিশু এবং কিশোর শ্রমিক দিয়ে কষ্টসাধ্য এবং ঝুঁকিপূর্ণ কাজ করানোর ক্ষেত্রে বিধিনিষেধ আছে। তবে যদি কোন সেকশন বা বিভাগে শিশু এবং কিশোর শ্রমিক পাওয়া যায় তাহলে তাহার সহিত সরাসরি সম্পর্ক বিছিন্ন না করে বা তাহাকে সরাসরি বাদ না দিয়ে তাহার জন্য উপরোক্ত কল্যানকর ব্যবস্থা গ্রহণ করে থাকে যাহাতে সে সুন্দরভাবে বেড়ে উঠতে পারে।

| প্রস্তুতকারী (Prepared By) | অনুমোদনকারী (Approved By) | অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature) |
|-------------------------------|--|---|
| এইচআর এন্ড কমপ্লায়েন্স বিভাগ | ব্যবস্থাপনা পরিচালক লান্তাবুর গ্রুপ | |